কুষ্টিয়ার আমলায় শেখ কামাল স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত

মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক কামারুল আরেফিন বলেছেন, খেলাধুলা ছেলেমেয়েদের মেধা বিকাশের সুযোগ দেয়। প্রতিযোগিতামূলক মনোভাব গড়ে তোলে, সেইসঙ্গে তারা সুস্বাস্থ্যের অধিকারী হয়। আজকের এই মাঠে অনুষ্ঠিত ফাইনাল খেলায় এতো দর্শক খেলা উপভোগ করতে পেরেছে জেনে আমি ভীষণ আনন্দিত। আগামীতে এই মাঠ থেকে আরও ভালো খেলা উপহার দিতে চাই।

সোমবার (২১ নভেম্বর) বিকালে কুষ্টিয়ার মিরপুর উপজেলার আমলা- সদরপুর হাইস্কুল ফুটবল মাঠে অনুষ্ঠিত ‘শেখ কামাল স্মৃতি ফুটবল টুর্নামেন্ট’র ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি আরও বলেন, ‘ফুটবল হচ্ছে সবচেয়ে জনপ্রিয় খেলা-এটা হচ্ছে বাস্তবতা। কাজেই এই আমলা-সদরপুর এলাকা থেকে ফুটবল ◌েখলা সামনে এগিয়ে যাক, সেটাই আমরা চাই।’ এই আমলা এলাকার কৃতি সাতারুরা দেশের মান উজ্জল করেছে। আমিও চাই ফুটবলেও তারা নৈপুন্যতা দেখাক।

আমলা সদরপুর স্পোর্টস একাডেমি আয়োজিত আজকের এই ফুটবল টুর্নামেন্টে উপস্থিত সর্বস্তরের মানুষকে নিঃসন্দেহে আনন্দ দিয়েছে এবং অনুপ্রাণিত করেছে উল্লেখ করে তিনি বলেন, এখন খেলার মাঠে রাজৈনিতক বক্তব্য দেওয়া হয় যে খেলা হবে। আসলে আমি বলেত চাই এই আমলা-সদরপুর মাঠে সত্যিকার অর্থে ফুটবল এবং ক্রিকেট খেলা হবে। এজন্য এ-ধরনের টুর্ণামেন্টের আয়োজন বেশি বেশি করা দরকার বলেও যোগ করেন তিনি। এমন একটি সুন্দর আয়োজনের জন্য আয়োজক কমিটির কর্মকর্তা ও সদস্যদের তিনি প্রশংসা করেন।

শেখ কামাল আন্তঃজেলা ফুটবল টূর্ণামেন্টের সভাপতি বিশিষ্ট ক্রীড়াবিদ নজরুল ইসলামের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আব্দুল কাদের, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল কাশেম জোয়ার্দ্দার, মহিলা ভাইস চেয়ারম্যান মর্জিনা খাতুন, মিউচয়াল ট্রাষ্ট ব্যাংক কুষ্টিয়া শাখার ব্যবস্থাপক আনোয়ার হোসেন, শেখ কামাল আন্তঃজেলা ফুটবল

# [redacted]

[redacted]

[redacted]

[redacted]

# [redacted]

প্রশিক্ষণ সামগ্রী বিতরণ

উন্নত পল্লী উন্নত দেশ, বঙ্গবন্ধুর সোনার বাংলাদেশ, এ প্রতিপাদ্যে কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ ও প্রশক্ষনের সামগ্রী বিতরণ করা হয়েছে। সোমবার দুপুরে কোটচাঁদপুরের শেরখালী মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রীদের মাঝে এ সব দেয়া হয়।

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প(ইরেসপো) ২য় পর্যায় এ প্রশিক্ষণের আয়োজন করেন।

প্রশিক্ষনে সভাপতিত্ব করেন বিআরডিবি ঝিনাইদহের উপপরিচালক আরিফুল ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সমাজসেবা কর্মকর্তা জহুরুল ইসলাম, উপজেলা কৃষকলীগের সহসভাপতি আনোয়ার হোসেন মুকুল।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কোটচাঁদপুর উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা ও কোর্স পরিচালক সেলিম রেজা। এ ছাড়া উপস্থিত ছিলেন উপজেলা সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ইউনুছ আলী,উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা ফারুক হোসেন,প্রগাম অফিসার জিয়াউল হক, কুশনা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রবিউল ইসলাম,সহকারি পল্লী উন্নয়ন কর্মকর্তা মোস্তাফিজুর রহমান, ইউডিও আবু মুনসুর,শেরখালী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আক্কাস উদ্দিন,প্রধান শিক্ষক শামসুদ্দিন আহম্মদ।

পরে প্রশিক্ষন প্রদান সহ ছাত্রছাত্রীদের হাতে প্রশিক্ষন সামগ্রী তুলে দেয়া হয়। এ সামগ্রীর মধ্যে ছিল,স্যানেটারী প্যাড,খাতা,কলম।

জানা যায়, এ প্রকল্পের আওতায় কোটচাঁদপুরে দুইটি মাধ্যমিক বিদ্যালয় স্থান পেয়েছেন। যার মধ্যে ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয় ও শেরখালী মাধ্যমিক বিদ্যালয়। এর উদ্দেশ্য সম্পর্কে কোর্স পরিচালক বলেন,এ প্রকল্পের মাধ্যমে ছাত্রীদেরকে বাল্যবিবাহ,যৌন হয়রানি সহ বিভিন্ন বিষয়ে সচেতন করা হয়। এ ছাড়া ছাত্রীদেরকে এর মাধ্যমে সঞ্চয়ী হিসেবে গড়ে তোলার জন্য প্রশিক্ষিক করা হচ্ছে।

# [redacted]

[redacted]

মুজিবনগরে যুবমহিলা লীগের উঠান বৈঠক অনুষ্ঠিত

উন্নয়নের অগ্রযাত্রায় বাংলাদেশ প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার উন্নয়ন এবং প্রিয় নেতার কথা তৃণমূলে পৌঁছে দেওয়ায় লক্ষ্য বিশেষ করে মহিলাদের মাঝে তুলে ধরার মাধ্যমে, শেখ হাসিনার হাতকে শক্তিশালী করে, আগামী নির্বাচনে মাননীয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেনকে পুনরায় নির্বাচিত করার মাধ্য দিয়ে মেহেরপুর মুজিবনগরের উন্নয়নের ধারাকে অব্যাহত রাখতে মুজিবনগর উপজেলায় সোনাপুর গ্রামে উপজেলা যুব মহিলালীগের আয়োজনে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেলে মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুনের সভাপতিত্বে এবং উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদিকা তহমিনা খাতুনের সঞ্চালনায় এই উঠান বৈঠকে ভার্চুয়ালি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুরের নারী জাগরণের অগ্রদূত বাংলাদেশ আওয়ামী যুব মহিলা লীগের নির্বাহী সদস্য এবং জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেনের সুযোগ্য সহধর্মিনী সৈয়দা মোনালিসা ইসলাম।

উপস্থিত ছিলেন, দারিয়াপুর ইউনিয়ন যুব মহিলালীগের সভাপতি শাহিনা খাতুন, মোনাখালী ইউনিয়ন যুবমহিলা লীগের সাধারণ সম্পাদক মরিয়ম খাতুন সহ বিভিন্ন ওয়ার্ড যুব মহিলালীগের সভাপতি সাধারণ সম্পাদক উপজেলা যুব মহিলা লীগের নেতাকর্মীবৃন্দ এবং বিপুল সংখ্যাক যুব মহিলা লীগের কর্মী ও সমর্থকবৃন্দ।

চলচ্চিত্র সমিতির সাধারণ সম্পাদক নিপুন: আপিল বিভাগ

চলচ্চিত্র শিল্পী সমিতির সাধারণ সম্পাদক পদে দায়িত্ব পালনের ক্ষেত্রে অভিনেত্রী নিপুন আক্তারের পক্ষে রায় দিয়েছেন আপিল

বিভাগ।

সোমবার (২১ নভেম্বর) হাইকোর্টের রায় স্থগিত করে প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকীর নেতৃত্বাধীন ৩ সদস্যের আপিল বেঞ্চ এ রায় দেয়।

এর আগে বেশ কয়েকবার মামলার শুনানির তারিখ পরিবর্তন হয়।

এর আগে জায়েদ খানকে শিল্পী সমিতির সম্পাদক ঘোষণা করে রায় দেয় হাইকোর্ট। পরবর্তীতে তা স্থগিত ও স্থিতিবস্থা দেয় চেম্বার জজ আদালত।

তবে জায়েদ খানের আইনজীবী বলেন, এই স্টাটাসকো অনুযায়ী জায়েদ খান আপাতত দায়িত্ব পালন করে যেতে পারবেন। তবে নিপুনের আইনজীবী দাবি করেন, বিষয়টির ভুল ব্যাখ্যা করা হয়েছে।

এছাড়া গত ২৪ ফেব্রুয়ারি অভিনেত্রী নিপুন আক্তারের বিরুদ্ধে আদালত অবমাননার মামলা করেন চিত্রনায়ক জায়েদ খান। পরবর্তীতে নিপুনও জায়েদের বিরুদ্ধে আদালত অবমাননার অভিযোগ আনেন।

মুজিবনগরে ছাত্রীকে ইভটিজিং, অটোচালকের কারাদন্ড

স্কুল ছাত্রীকে ইভটিজিং এর অভিযোগে অটো চালক শফিকুল ইসলাম (২০) কে ১৫ দিনের বিনাশ্রম কারাদন্ড দিয়েছেন ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস। দন্ডিত শফিকুল ইসলাম মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের মৃতু বকুল হোসেনের ছেলে।

আজ সোমবার (২১ নভেম্বর) বেলা ১১ টার সময় উপজেলা নির্বাহী অফিসারের অফিস চত্তরে এই ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়।

ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট অনিমেষ বিশ্বাস বলেন, ১৮৬০ সালের ৫০৯ দন্ডবিধিতে অপরাধ প্রমাণিত হওয়ায় অভিযুক্ত শফিকুল

ইসলামকে ১৫ দিনের বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয়েছে।

ইউএনও বলেন মুজিবনগর উপজেলার কয়েকজন ছাত্রী বাইসাইকেল চড়ে স্কুলে আসছিল। একজন ছাত্রী বাইসাইকেল থেকে পড়ে গেলে দন্ডিত শফিকুল তাকে নিয়ে হাসাহাসি করেন। এসময় ওই ছাত্রী তার বিদ্রুপের প্রতিবাদ জানালে গলা টিপে ধরে মারধর করার চেষ্টা করে সে। পরে ওই ছাত্রীর স্কুলের প্রধান শিক্ষক ৯৯৯ কল দিলে পুলিশ তাকে আটক করে ভ্রাম্যমান আদালতে দেন। তার পারিবারিক অবস্থা বিবেচনা করে শফিকুলকে ১৫ দিনের বিনাশ্রম কারাদন্ড প্রদান করে আদালতে প্রেরণের নির্দেশ দেওয়া হয়েছে।

মুজিবনগর থানার ভ্রারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল বলেন, ৯৯৯ কল পেয়ে দন্ডিত শফিকুল ইসলামকে আটক করে ভ্রাম্যমান আদালতে নিলে তাকে ১৫ দিনের কারাদন্ড দেন আদালত। দন্ডিত শফিকুল ইসলামকে সোমবার (২১ নভেম্বর) বিকালের দিকে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

হরিণাকুণ্ডুতে কৃষক সমাবেশ অনুষ্ঠিত

“ভিক্ষা নয় অধিকার চাই, কৃষক পরিবারের দাবির পূর্ণতা চাই” এই শ্লোগানে ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে কৃষক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২১নভেম্বর) উপজেলার তোলা মাধ্যমিক বিদ্যালয় মাঠে দুপুর থেকে এই সমাবেশ শুরু হয়।

উপজেলা নির্বাহী অফিসার সুস্মিতা সাহার সভাপতিত্বে সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখে জেলা প্রশাসক মনিরা বেগম।

বিশেষ অতিথি হিসেবে উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, সরকারী লালন শাহ কলেজের অধ্যক্ষ রেজাউর রহমান, সহকারী কমিশনার ভূমি তানভীর রহমান, উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ হাফিজ হাসান, রঘুনাথপুর ইউনিয়নের চেয়ারম্যান বশির উদ্দীন, হরিণাকুণ্ডু কৃষি ব্যাংকের ম্যানেজার মানজুরুল ইসলাম, জনতা ব্যাংকের ম্যানেজার

মুস্তাফিজুর রহমান, সহকারী শিক্ষক অমিরুল ইসলাম, মহিলা উদ্যোক্তা নাসরিন নাহার, কৃষক গোলাম মোস্তফা, মতিয়ার রহমান প্রমূখ বক্তব্য রাখেন।

এছাড়া কৃষকদের দাবি ও অধিকারের কথা তুলে ধরে বক্তব্য উপস্থাপন করেন কৃষক সমাবেশের মূল উদ্যোক্তা কৃষক মোঃ কামরুজ্জামান। অনুষ্ঠানের সঞ্চালনায় ছিলেন খুরশিদ সোয়াইব বাবুল।

এ সমাবেশে উপজেলার ১৩২ গ্রামের শত শত কৃষক উপস্থিত ছিলেন। সভায় কৃষক পরিবারের পক্ষ থেকে ১০জন অস্বচ্ছল প্রতিবন্দ্বীর মাঝে হুইল চেয়ার বিতরণ করা হয়।

সমাবেশের উদ্যোক্তা কৃষক কামরুজ্জামান বলেন কৃষকরা দেশের মূল চালিকা শক্তি হলেও কৃষকদের সঠিক ভাবে মূল্যায়ন করা হয়না, কৃষকদের নানা ভাবে ঠকানো হচ্ছে। মধ্যস্বত্তভোগিরা বিশেষ করে ফড়িয়া, বাজার মালিক, মহাজন, এমনকি দেশের বাজার ব্যবস্থাপনার কারনেও কৃষকদের ঠকানো হচ্ছে।

তিনি উল্লেখ করেন, কৃষকরা পণ্যের ন্যায্য মূল্য পান, তার উপরে বিভিন্ন ধরণের তাল বাহনা করে কৃষকদের নিকট থেকে পন্য নিয়ে নেওয়া হয়, যেমন প্রতি মনে (৪০ কেজি) ২কেজি ঢলতা নেয়, বাজারের খাজনা প্রতি মনে ১কেজি, ঝাড়ুদার প্রতি মনে ১কেজি এভাবে বাজারে পন্য নিলে মনপ্রতি ৪ থেকে ৫কেজি চলে যায়। এছাড়া অন্য কৃষকরা বলেন, কৃষি পণ্যের উৎপাদন খরচ কয়েক গুন বেড়ে গেছে যেমন জ্বালানী তেল, সার, কীট নাশক, কৃষি যন্ত্রপাতি, কৃষি শ্রমিকের, পরিবহন খরচ সব বৃদ্ধি পেয়েছে কিন্তু সেভাবে পণ্যের মূল্য বৃদ্ধি পায়নি, তারা কৃষি পণ্যের নির্ধারিত মূল্য নির্ধারণের দাবি এবং কৃষকদের অবসর ভাতা চালুর দাবি জানান।

সমাবেশে প্রধান অতিথিসহ অন্যান্য অতিথিরা কৃষকদের দাবির সাথে একমত পোষন করে বলেন, সকল ক্ষেত্রে কৃষকরা অগ্রাধিকার পাবেন, স্বল্পসুদে কৃষিঋন প্রদান করা হচ্ছে, তাছাড়া মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কৃষকদের জীবনমান উন্নয়নের জন্য বিভিন্ন কর্মসূচি হাতে নিয়েছেন, যেমন কৃষি ভর্তুকি দ্বিগুন করেছে। কৃষকদের সকল ধরণের বীজ, সারসহ অন্যান্য সুবিধা প্রদান করা হচ্ছে। কৃষকরা আর পিছিয়ে থাকবেনা বলেও বক্তার জানান।

# [redacted]

[redacted]

# [redacted]

[redacted]

[redacted]

[

গ্রেফতারকৃত ডাকাত শাহাজামালের কাছে কুষ্টিয়া থেকে প্রকাশিত স্থানীয় একটি পত্রিকার পরিচয়পত্র পাওয়া গেছে। সাংবাদিক পরিচয়ে সাহাজামালের নামে কুষ্টিয়া মিরপুর, রাজবাড়ি সদর ও কালুখালি, গাংনী থানাসহ বিভিন্ন থানায় ডাকাতিসহ বিভিন্ন অভিযোগে ৬ টি মামলা রয়েছে। গ্রেফতারকৃত আলতাফ হোসেন মন্ডল আশে পাশের ৮ টি জেলায় ডাকাতির সর্দার বলে জানা গেছে। ডাকাত দলের সর্দার আলতাফ হোসেনের বিরুদ্ধে রাজবাড়ি সদর থানা, কালুখালি থানা, চুয়াডাঙ্গার আলমডাঙ্গা থানা ও গাংনী থানায় চুরি, ডাকাতি ও বিস্ফোরক দ্রব্য আইনে মোট ৬ টি মামালা রয়েছে। এছাড়া গ্রেফতারকৃতরা বাকি ৫ জন সবাই আন্তজেলা ডাকাত দলের সদস্য। তাদের প্রত্যেকের নামে একাধিক মামলা রয়েছে।

গাংনী উপজেলার তিনটি স্থানে ডাকাতির ঘটনায় (১৫অক্টোবর) পুলিশ তথ্য প্রযুক্তির সহায়তায় জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি), সাইবার ক্রাইম অপরাধ বিভাগ, সদর ও গাংনী থানা পুলিশ যৌথভাবে অভিযান চালিয়ে

প্রথমে মুজিবনগর উপজেলার সোনাপুর গ্রামের তরিকুল ইসলামকে গাংনী উপজেলার জুগিন্দা গ্রাম থেকে গ্রেফতার করে। এরপর তার স্বীকারোক্তি অনুযায়ী বাকি ৫ জন আসামিকে কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, ঝিনাইদহসহ বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে গ্রেফতার করে।

ডাকাতির কাজে ব্যবহৃত একটি মিনি ট্রাক যার নং কুষ্টিয়া ন-১১-০২৯৩), বিভিন্ন মোবাইল কোম্পানীর ৬টি মোবাইল ফোন, তিনটি রামদা উদ্ধার করে।